গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
আইন শাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ১৯-০২-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | কে এম আবদুল ওয়াদুদ<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ১৯ ফেব্রুয়ারি ২০২৩ |
| সভার সময় | বেলা ০২:৩০ ঘটিকা |
| স্থান | এনডিআরসিসি (কক্ষ নং-৪১৫, ভবন নং-৪), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (আইন) সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি বলেন যে বিগত সভা গত ১৯-১২-২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছিল। তিনি বিগত সভার সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করেন এবং কোনরূপ সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। উপসচিব (আইন) সভায় জানান, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১ম অর্ধবার্ষিক (২য় কোয়ার্টার) বিগত ৩১ ডিসেম্বর ২০২২ এ সমাপ্ত হয়েছে। কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ সনের অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন ১২ জানুয়ারি ২০২৩ এ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়া দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) এর ১ম অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে পাওয়া গেছে এবং প্রতিবেদনমসূহ পর্যালচেনা পূর্বক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। সভাপতি জানান যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে সকল কার্যক্রম যথাযথভাবে এবং যথাসময়ে সম্পন্ন করার উদ্যোগ ইতিমধ্যে গ্রহণ করা হয়েছে। উপসচিব (আইন) সভায় আরো জানান যে, জানুয়ারি মাসে ১টি কর্মশালা ও ফেব্রুয়ারি মাসে ২টি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় শীর্ষক বিষয়ভিত্তিক ১টি কর্মশালা ও ২টি প্রশিক্ষণ আগামী মার্চ ২০২৩ এর মধ্যে আয়োজন করা প্রয়োজন। উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

**<u>সিদ্ধান্তসমূহ:</u>**

১। ইনোভেশন টিম পুনর্গঠন করার পরেও কয়েকজন সদস্য অন্যত্র বদলী হয়ে যাওয়ায় ইনোভেশন টিম পূনর্গঠন করতে হবে। এ বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) বরাবর পত্র প্রেরণ করতে হবে। উপসচিব (আইন) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সিপিপির ওয়েবসাইট যথাযথভাবে হালনাগাদ করতে হবে। বিশেষত: জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের পদায়ন ও মোবাইল নম্বর নিশ্চিত হয়ে তথ্য হালরাগাদ করতে হবে।

৩। ই-নথির ব্যবহার বৃদ্ধির জন্য মন্ত্রণালয়ের নতুন নিয়োগপ্রাপ্ত কর্মচারিগণকে ৩ দিন ব্যাপী প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করত হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসচিব (প্রশিক্ষণ) কে পত্র প্রেরণ করতে হবে।

৪। বিগত অর্থবছরে ইনোভেশন টিম কর্তৃক গৃহিত অসমাপ্ত “উন্নয়ন প্রকল্পের ই-মনিটরিং” প্রকল্পটি এ বছরে সমাপ্ত করাসহ বিগত সময়ে উদ্ভাবন, সেবা সহজিকরণ ও ডিজিটাইজেশন এর মাধ্যমে তৈরিকৃত সকল সফট্ওয়্যার বিসিসি কর্তৃক

টেস্টিং করিয়ে নিতে হবে। হোস্টিং এর বিষয়ে বিসিসির সাথে যোগাযোগ করতে হবে। প্রয়োজনে বিসিসি হতে ক্লাউড স্পেস ক্রয় করে সেখানে হোস্টিং করার উদ্যোগ গ্রহণ করতে হবে। সেই সাথে সোর্সকোড ভেন্ডরদের নিকট হতে বুঝে নিতে হবে। এ বিষয়ে ভেন্ডরদের সাথে যোগাযোগ করতে হবে।

৫। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সিপিপি কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে বাস্তবায়নের জন্য নির্বাচিত উদ্ভাবন/সেবা সহজিকরণ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আগামী মার্চ মাসে মন্ত্রণালয়ে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণে উপস্থাপনা করতে হবে।

৬। মন্ত্রণালয় কর্তৃক ইতোপূর্বে ২০২২-২০২৩ অর্থবছরের জন্য মনোনীত 'কর্মকর্তা-কর্মচারিদের পেনশন সেবা সহজিকরণ' উদ্যোগটি জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত একই ধরনের উদ্যোগ হওয়ায় তা মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় এর আদলে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উপসচিব (আইন) প্রয়োজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগোযোগ করবনে।

৭। ২০২৩-২০২৪ অর্থবছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে ব্যবহারের জন্য একটি ইআরপি তৈরি করতে হবে। এ লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরকে এ সংক্রান্ত সকল বিষয়ে অতিদ্রুত প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। বিষয়টি পত্রের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়কে অবহিত করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কে এম আবদুল ওয়াদুদ
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫১.০০.০০০০.২২৬.২৫.০০১.২২.৩

তারিখ: ১৩ ফাল্গুন ১৪২৯
২৬ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২) যুগ্মসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) পরিচালক, ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি), মগবাজার, ঢাকা।
৪) উপসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) সিনিয়র সহকারী সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, (কার্যবিবরণীটি ইনোভেশন সেবাবক্সে আপলোডের অনুরোধসহ)।
৭) ব্যক্তিগত কর্মকর্তা (আইন ও ত্রাণ প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ((অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মুনিরা সুলতানা
উপসচিব